66

দৈনিক সংবাদ

তারিখ 18 AUG 1994
পৃষ্ঠা ৫ কলাম ১

# উত্তরাঞ্চলের সোয়া ৯ লাখ শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

।। মোঃ হাসিবুর রহমান বিলু ।।

বগুড়া, ১৭ই আগস্ট।– আর্থিক অসচ্ছলতা, খারাপ যোগাযোগ ব্যবস্থা, ক্রুটিপূর্ণ উদ্বুদ্ধকরণ প্রক্রিয়া, আর প্রাথমিক শিক্ষার সাথে জড়িত ব্যক্তি বা প্রতিষ্ঠানের আন্তরিকতা না থাকায় উত্তরাঞ্চলে প্রায় সোয়া ৯ লাখ বালক–বালিকাকে কোনভাবেই শিক্ষার জন্য প্রাথমিক বিদ্যালয়ে আনা যাচ্ছে না। এ কারণে উত্তরাঞ্চলের ১৬টি জেলার ১শ' ২৩টি থানার বিভিন্ন গ্রাম থেকে সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের সাফল্যের যে পরিসংখ্যান মিলেছে তার একটি বড় অংশই হলো খাতা– কলমের হিসাব। সরকারি একটি হিসাব সূত্র জানায়, উল্লেখিত কারণগুলোর পাশাপাশি মাঠ পর্যায়ে মনিটরিং ব্যবস্থা ভেঙে পড়ার কারণে উত্তরাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত ৪৩ লাখ ৬৮ হাজার ১শ' ৩২ জন বালক–বালিকার মধ্যে ৯ লাখ ২১ হাজার ৫শ' ২৩ জন বালক–বালিকাকে কোনভাবেই বিদ্যালয়ে আনা যাচ্ছে না। চলতি বছরের প্রথমদিকে বিভিন্ন বিদ্যালয়ে ভর্তি করা ৩৪ লাখ ৪৬ হাজার ৬শ' ৯ জন বালক–বালিকার মধ্যে ইতিমধ্যে নানা কারণে বিদ্যালয়ে আসা বন্ধ করে দিয়েছে ২ লাখ ৫০ হাজার ২শ' ৪৬ জন বালক-বালিকা।

সরকারি সূত্র জানায়, রাজশাহী জেলায় প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা আছে ৩ লাখ ২৪ হাজার ৫শ' ৮৩ জন এর মধ্যে বিদ্যালয়ে যায় ২ লাখ ৭৪ হাজার ৫৫ জন, বিদ্যালয়ে যায় না ৫০ হাজার ৫শ' ২৮ জন বালক–বালিকা। নাটোরে প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা আছে ২ লাখ ১৪ হাজার ৩শ' ৪৭ জন, এর মধ্যে বিদ্যালয়ে যায় ১ লাখ ৭৫ হাজার ৯শ' ৮৫ জন, আর বিদ্যালয়ে যায় না ৩৮ হাজার ৩শ' ৮৯ জন। নওগাঁতে প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা আছে ৩ লাখ ২১ হাজার ৫শ', বিদ্যালয়ে যায় ২ লাখ ৫৯ হাজার ৩শ' ৯২ জন, বিদ্যালয়ে কোনভাবেই শিক্ষার জন্য পাঠানো যাচ্ছে না ৬১ হাজার ২শ' ৮ জন বালক–বালিকাকে। নবাবগঞ্জ জেলায় প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা আছে ১ লাখ ৮৪ হাজার ৫শ' ৯০ জন এর মধ্যে বিদ্যালয়ে যায় ১ লাখ ৫৮ হাজার ১শ' ৫৯ জন, আর কোনভাবেই বিদ্যালয়ে পাঠানো যাচ্ছে না ২৬ হাজার ৪শ' ৩১ জন বালক–বালিকাকে।

বগুড়া জেলায় প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা আছে ৪ লাখ ৯ হাজার ৪শ' ৮২ জন, এর মধ্যে বিদ্যালয়ে যায় ৩ লাখ ৩০ হাজার ২শ' ৩৭ জন। বিদ্যালয়ে যাচ্ছে না ৭৯ হাজার ২শ' ৪৫ জন। জয়পুরহাটে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা নিতে পারে এমন বালক–বালিকা আছে ১ লাখ ১০ হাজার ৪শ' ৬৪ জন, এর মধ্যে বিদ্যালয়ে যায় ৯১ হাজার ১শ' ৫০ জন, বিদ্যালয়ে যাচ্ছে না ১৯ হাজার ৩শ' ১৪ জন। পাবনাতে প্রাথমিক বিদ্যালয়ে যেতে পারে এমন বালক–বালিকা আছে ৩ লাখ ৪৭ হাজার ৮শ' ৭৭ জন, এর মধ্যে বিদ্যালয়ে যাচ্ছে ২ লাখ ৯৪ হাজার ৭শ' ২৪ জন। এ জেলার ৫৩ হাজার ১শ' ৫৩ জন বালক–বালিকাকে কোনভাবেই প্রাথমিক শিক্ষার জন্য বিদ্যালয়ে পাঠানো যাচ্ছে না। অতি অভাবী এলাকা সিরাজগঞ্জে বিদ্যালয়ে যেতে পারে এমন বালক–বালিকা আছে ৪ লাখ ২২ হাজার ৯শ' ৩২ জন, এর মধ্যে বিদ্যালয়ে যায় ৩ লাখ ৩৫ হাজার ৬শ' ৪ জন। বিদ্যালয়ে যাচ্ছে না ৮৭ হাজার ৩শ' ২৮ জন বালক–বালিকা। রংপুরে প্রাথমিক বিদ্যালয়ে যেতে পারে এমন বালক–বালিকা আছে ৩ লাখ ৭০ হাজার ৯শ' ২৮ জন, এর মধ্যে বিদ্যালয়ে যায় ২ লাখ ৮৪ হাজার ৯শ' ৮১ জন। বিদ্যালয়ে যাচ্ছে না ৮৫ হাজার ৯শ' ৪৭ জন বালক–বালিকা। নদী ভাঙনে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত অভাবী জেলা গাইবান্ধায় প্রাথমিক বিদ্যালয়ে যেতে পারে এমন বালক–বালিকা আছে ৩ লাখ ৩৯ হাজার ৯শ' ৭৩ জন, এর মধ্যে বিদ্যালয়ে যায় ২ লাখ ৬৫ হাজার ৪৮ জন। বিদ্যালয়ে যাচ্ছে না ৭৪ হাজার ৯শ' ২৫ জন। নীলফামারীতে প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা আছে ২ লাখ ২২ হাজার ৭শ' ৮৭ জন, এর মধ্যে বিদ্যালয়ে যায় ১ লাখ ৬২ হাজার ৪শ' ৯৪ জন, আর কোনভাবেই বিদ্যালয়ে যাচ্ছে না এমন বালক–বালিকা আছে ৬০ হাজার ২শ' ৯৩ জন। লালমনিরহাটে বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা আছে ১ লাখ ৬২ হাজার ২১ জন, এর মধ্যে বিদ্যালয়ে যাচ্ছে ১ লাখ ১ হাজার ১৬ জন। বিদ্যালয়ে যাচ্ছে না ৫২ হাজার ৫ জন বালক–বালিকা। কুড়িগ্রাম জেলায় প্রাথমিক বিদ্যালয়ে যেতে পারে এমন বালক–বালিকা আছে ২ লাখ ৮৪ হাজার ৭শ' ৬৪ জন, এর মধ্যে বিদ্যালয়ে যাচ্ছে ২ লাখ ১ হাজার ৫শ' ৫৩ জন। বিদ্যালয়ে যাচ্ছে না ৮৩ হাজার ২শ' ১৫ জন। দিনাজপুরে প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা আছে ৩ লাখ ৫২ হাজার ৬শ' ৫৫ জন, এর মধ্যে বিদ্যালয়ে যাচ্ছে ২ লাখ ৭৪ হাজার ৮শ' ৩২ জন। কোনভাবেই বিদ্যালয়ে নেয়া যাচ্ছে না দিনাজপুরে এমন আরো বালক–বালিকা আছে ৭৭ হাজার ৮শ' ২৩ জন। ঠাকুরগাঁ জেলায় বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা আছে ১ লাখ ৭৫ হাজার ১শ' ৫৫ জন, এর মধ্যে বিদ্যালয়ে যাচ্ছে ১ লাখ ৩২ হাজার ৬শ' ১৫ জন। বিদ্যালয়ে যাচ্ছে না ঠাকুরগাঁতে এমন আরো বালক–বালিকা আছে ৪২ হাজার ৫শ' ৪০ জন। দেশের সর্ব উত্তরের অভাবী জেলা পঞ্চগড়ে প্রাথমিক বিদ্যালয়ে যাবার মত বালক–বালিকা আছে ১ লাখ ২৩ হাজার ৯শ' ১ জন, বিদ্যালয়ে যাচ্ছে ৯৫ হাজার ৭শ' ৬৪ জন। সুযোগ থাকার পরেও পঞ্চগড়ে বিদ্যালয়ে যাচ্ছে না এমন আরো বালক–বালিকা আছে ২৮ হাজার ১শ' ৩৭ জন।